

## কলেজ শিক্ষার উন্নয়নে ১০ কোটি ডলার ঋণ দিচ্ছে বিশ্ব ব্যাংক

■ ইত্তেফাক রিপোর্ট

কলেজ শিক্ষা উন্নয়নে ১০ কোটি মার্কিন ডলার ঋণ দিচ্ছে বিশ্ব ব্যাংক। এ লক্ষে গতকাল বৃহস্পতিবার একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এই প্রকল্পটি সরকারি কলেজগুলোর ২ হাজার ৭০০ শিক্ষকের শূন্য পদ পূরণ করতে সাহায্য করবে। কলেজ এডুকেশন সার্ভিসেসের অধিকতর উন্নয়নের কৌশলগত পরিকল্পনা তৈরিকরণ এবং সার্ভিসেসের ব্যবস্থাপনা শক্তিশালীকরণ, অনার্স ও মাস্টার্স কোর্স পরিচালনাকারী সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি কলেজসমূহের টিচিং-লার্নিং পরিবেশ উন্নত করা, প্রকল্প বাস্তবায়নকালীন সংশ্লিষ্ট কলেজসমূহে মনিটরিং করা হবে। সেইসাথে কলেজের শূন্য পদে নিয়োগ প্রদান নিশ্চিতকরণসহ শিক্ষক নিয়োগ, দেশ-বিদেশে প্রশিক্ষণ এবং ব্যবস্থাপনা উন্নত করা হবে। গতকাল রাজধানীর শেরে বাংলা নগরস্থ ইআরডি-সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে চুক্তিতে স্বাক্ষর করেন ঋণনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) অতিরিক্ত সচিব কাজী শফিকুল আযম এবং বিশ্ব ব্যাংকের পক্ষে ঢাকা অফিসের ভারপ্রাপ্ত কান্ট্রি ডিরেক্টর ড. জাহিদ হোসেন। জাহিদ হোসেন বলেন, শিক্ষা খাতকে বিশেষ গুরুত্ব দিচ্ছে বিশ্ব ব্যাংক। মোট বরাদ্দের ১৯ শতাংশ ঋণ দেওয়া হচ্ছে শিক্ষা খাতে। আগে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা খাতে সহায়তা দেওয়া হয়েছিল। এখন উচ্চ শিক্ষা, কারিগরি শিক্ষা ও সকল শিক্ষায় সহায়তা বাড়ানো হয়েছে। সপ্তম পঞ্চ-বার্ষিক পরিকল্পনা অনুযায়ী এই খাতে বিশেষ সহায়তা দেওয়া হচ্ছে বলেও জানান তিনি।

ইআরডি সচিব কাজী শফিকুল আযম বলেন, ভবিষ্যতে উচ্চ শিক্ষায় খাতভিত্তিক কর্মসূচি হাতে নেওয়ার লক্ষ্য রয়েছে। এসময় আরো জানানো হয়, প্রকল্পটি শিক্ষকদের উন্নয়নে সাহায্য করবে এবং জাতীয় প্রশিক্ষণ সংস্থা ও নটিংহ্যাম বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় প্রশিক্ষণ সংস্থা স্থাপনের মাধ্যমে প্রায় ৮ হাজার কলেজ শিক্ষক ও পরিচালকদের প্রশিক্ষণ দেওয়া হবে এবং বিশ্বের সেরা শিক্ষক প্রশিক্ষণ নিশ্চিত করবে।

শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে জাতীয় বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক প্রকল্পটি বাস্তবায়িত হবে। ২০১৬ সালের জুলাই হতে ২০২১ সালের জুন মাসের মধ্যে এ প্রকল্পটির বাস্তবায়নকাল ধরা হয়েছে। ৬ বছরের রেয়াতকালসহ ৩৮ বছরে এ ঋণ পরিশোধ করতে হবে।